কোটচাঁদপুরে মোটরসাইকেলের ধাক্কায় ভ্যান চালক নিহত, আহত ১

ঝিনাইদহের মহেশপুরে মোটরসাইকেলের ধাক্কায় দুমড়ে-মুচড়ে গেছে একটি ভ্যান। এ ঘটনায় ভ্যানচালক বদিয়ার রহমান (৫০) নিহত হয়েছেন। গুরুতর আহত হয়েছেন মোটরসাইকেল আরোহী আফ্রিদি হাসান (২৮)।

রোববার (৮ নভেম্বর) সকালে মহেশপুর-জীবননগর-কোটচাঁদপুর সড়কের কাটাখালি নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

জানা যায়, সকালে নওদাগ্রাম থেকে যাত্রী নিয়ে মহেশপুরের কাটাখালি এলাকায় যান ভ্যানচালক বদিয়ার রহমান। পরে ভ্যানটি সড়কের পাশে রেখে টাকা ভাঙতি করে আবার ভ্যানের কাছে ফিরছিলেন তিনি। এ সময় দ্রুতগতির একটি মোটরসাইকেল সজোরে ভ্যানটিকে ধাক্কা দেয়। এতে ভ্যানটি দুমড়ে-মুচড়ে যায় এবং ঘটনাস্থলেই প্রাণ হারান বদিয়ার রহমান।

নিহত বদিয়ার রহমান মহেশপুর উপজেলার নওদাগ্রাম গ্রামের মৃত আব্দুল আলিমের ছেলে। অপরদিকে আহত মোটরসাইকেল আরোহী আফ্রিদি হাসান কোটচাঁদপুর উপজেলার কাগমারী গ্রামের মোগবুল হোসেনের ছেলে। গুরুতর আহত অবস্থায় তাকে যশোর হাসপাতালে পাঠানো হয়েছে।

দুর্ঘটনার খবর পেয়ে কোটচাঁদপুর ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করেন। পরে পুলিশ দুর্ঘটনাকবলিত মোটরসাইকেল, ভ্যান ও মরদেহ উদ্ধার করে মহেশপুর থানায় নিয়ে যায়।

মহেশপুর থানার উপপরিদর্শক (এসআই) টিপু সুলতান বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে দেখি কোটচাঁদপুর ফায়ার সার্ভিসের সদস্যরা মরদেহ উদ্ধার করে রেখেছেন। আহত মোটরসাইকেল আরোহীকে হাসপাতালে পাঠানো হয়েছে। এ ঘটনায় তদন্ত শুরু হয়েছে। তদন্ত শেষে বিস্তারিত জানানো সম্ভব হবে।

ঝিনাইদহে জাতীয় সমবায় দিবস উদযাপন

‘করবো সমবায়, গড়বো দেশ;সবার আগে বাংলাদেশ’ এই শ্লোগানে ঝিনাইদহে ৫৫ তম জাতীয় সমবায় দিবস উদযাপিত হয়েছে।

রবিবার (৮ নভেম্বর) সকালে জেলা প্রশাসন ও সমবায় বিভাগের আয়োজনে জেলা কালেক্টরেট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়, র্যালীটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে একই স্থানে এসে শেষ হয়। সেখানে জাতীয় পতাকা উত্তোলন ও বেলুন উড়িয়ে দিনব্যাপী সমবায় মেলার উদ্বোধন ঘোষণা করা হয়।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সমবায় ব্যাংকের পরিচালক ও জেলা কেন্দ্রীয় সমবায় সমিতির সভাপতি ও ঝিনাইদহ জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে জেলা প্রশাসক নোমান হোসেন বক্তব্য রাখেন। এছাড়া বিমেষ অতিথি হিসেবে জেলা সমবায় কর্মকর্তা তানভীর আহমেদ, সমবায় ব্যাংকের সভাপতি অতিরিক্ত পুলিশ সুপার মোসফেকুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন, সদর উপজেলা সমবায় কর্মকর্তা শামীমা নাসরিনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, দেশের টেকসই উন্নয়ন ও স্বনির্ভতা অর্জনে সমবায় আন্দোলনের কোন বিকল্প নেই এজন্য সমবায় আন্দোলনকে আরও গতিশীল করতে হবে। পাশাপাশি সমবায় সমিতিগুলোতে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সদস্যদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন তারা।

ঝিনাইদহে জাতীয় বিপ্লব ও সংহতি

দিবস পালিত

ঝিনাইদহ জেলা প্রশাসনের উদ্যোগে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

শনিবার (৭নভেম্বর) সকালে শহরের পানি উন্নয়ন বোর্ড থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন। জেলা প্রশাসক নোমান হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাসান, জেলা পরিষদের প্রশাসক এডভোকেট আব্দুল মজিদ বক্তব্য রাখেন ।

এছাড়া ঝিনাইদহ জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, জেলা গণঅধিকার পরিষদের সভাপতি প্রভাষক শাখাওয়াত হোসেন, জেলা বিএনপির সহ সভাপতি ও ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. কামাল আজাদ পান্নু, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সেসময় প্রধান অতিথি, জাতীয় বিপ্লব ও সংহতি দিবসে জাতীয় ঐক্য, গণতন্ত্র ও দেশের সার্বিক উন্নয়নে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

ঝিনাইদহে ব্যতিক্রমী পাঠশালা; মাঠেই তাদের পাঠশালা, কৃষাণ-কৃষাণীরাই শিক্ষার্থী

ঝিনাইদহে ব্যতিক্রমী পাঠশালা ‘মাঠই তাদের শ্রেণিকক্ষ, কৃষাণ-কৃষাণীরাই শিক্ষার্থী।’ হাতে বই-খাতা, চোখেমুখে নতুন কিছু শেখার আগ্রহ। কেউ শিখছেন নিরাপদ খাদ্য উৎপাদনের কৌশল, কেউবা

পুষ্টিবাগান গড়ে তোলার পদ্ধতি।

আবার কেউ শিখছেন অল্প খরচে অধিক ফলন পাওয়ার আধুনিক প্রযুক্তি। এমনই ব্যতিক্রমী আয়োজন‘পার্টনার ফিল্ড স্কুল’। যেখানে প্রচলিত শিক্ষাপ্রতিষ্ঠানের মতো নেই চার দেয়ালের শ্রেণিকক্ষ,নেই বয়সের কোনো বাধা। অভিজ্ঞতার সঙ্গে নতুন জ্ঞানের সমন্বয়ে কৃষিকে আরও আধুনিক,পুষ্টিসমৃদ্ধ ও পরিবেশবান্ধব করে তুলতেই এ উদ্যোগ।

ঝিনাইদহ সদর উপজেলার পাগলাকানাই ইউনিয়নের বানিয়াকান্দর গ্রামে এমন আয়োজন করে সদর উপজেলা কৃষি অফিস। এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা কৃষি কর্মকর্তা মো.মাসুদ রানা,পাগলাকানায় ইউনিয়নের বানিয়াকান্দর ব্লকের উপ সহকারী কৃষি কর্মকর্তা শাহানারা খাতুন, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের শিক্ষার্থীসহ বিভিন্ন বয়সী প্রান্তিক কৃষক ও কৃষাণীরা। পাঠদানের পাশাপাশি চলে প্রশ্নোত্তর,আলোচনা ও হাতে-কলমে শেখার কার্যক্রম। প্রশিক্ষকের প্রশ্নের উত্তর দিতে গিয়ে কৃষক-কৃষাণীরা তুলে ধরেন নিজেদের দীর্ঘদিনের অভিজ্ঞতা। ভুল হলে সংশোধন,আর সঠিক উত্তরে বাড়ে শেখার আগ্রহ ও আত্মবিশ্বাস।

এই স্কুলে কৃষির পাঠ কেবল ফসল উৎপাদনেই সীমাবদ্ধ নয়। শেখানো হচ্ছে পুষ্টি উন্নয়ন, নিরাপদ খাদ্য উৎপাদন,পরিবেশবান্ধব চাষাবাদ এবং কৃষিকে ঘিরে উদ্যোক্তা হওয়ার নানা কৌশল। ফলে কৃষিকাজের পাশাপাশি পরিবারের পুষ্টি চাহিদা পূরণ ও বাড়তি আয়ের পথও খুঁজে পাচ্ছেন অংশগ্রহণকারীরা।

প্রশিক্ষণ থেকে পাওয়া জ্ঞান কাজে লাগিয়ে অনেক কৃষাণী বাড়ির আঙিনায় গড়ে তুলেছেন সবজির বাগান। এতে পরিবারের পুষ্টির চাহিদা মেটানোর পাশাপাশি মিলছে বাড়তি সবজি। অন্যদিকে, আধুনিক ও বিজ্ঞানসম্মত পদ্ধতি অনুসরণ করে সীমিত খরচে অধিক ফলন পাচ্ছেন অনেক কৃষক। এতে উৎপাদন খরচ কমার পাশাপাশি বাড়ছে লাভের সম্ভাবনা। কৃষিকাজে যুক্ত হচ্ছে নতুন চিন্তা, বদলাচ্ছে চাষাবাদের প্রচলিত ধারণা।

কৃষাণী বিথী খাতুন বলেন,’আগে নিজেদের অভিজ্ঞতা অনুযায়ী চাষাবাদ করতাম। এখন প্রশিক্ষণের মাধ্যমে সার,বীজ ও ফসলের পরিচর্যা সম্পর্কে নতুন নতুন বিষয় জানতে পারছেন। সঠিক নিয়মে চাষাবাদ করায় কম খরচে ভালো ফলন পাওয়ার সুযোগ তৈরি হয়েছে। ‘কৃষক রিপন হোসেন বলেন,’এ স্কুল থেকে পুষ্টি ও সবজি চাষের বিষয়ে অনেক কিছু শিখেছি।

সেই জ্ঞান কাজে লাগিয়ে বিভিন্ন ধরনের সবজি চাষ করছি। এতে অল্প খরচে ফসল উৎপাদন ও বেশি ফলন পাচ্ছি।’ শিক্ষার্থী নিশিতা বিশ্বাস বলেন,’পার্টনার ফিল্ড স্কুল থেকে ফসলের প্রয়োজন অনুযায়ী সার প্রয়োগ, রোগবালাই দমন ও মাটির স্বাস্থ্য রক্ষার কৌশল শিখছেন। এতে অযথা খরচ কমানোর পাশাপাশি নিরাপদ ফসল উৎপাদনেও উৎসাহ পাচ্ছেন।’

ঝিনাইদহ সদর উপজেলা কৃষি কর্মকর্তা মো. মাসুদ রানা বলেন, প্রান্তিক কৃষক-কৃষাণীদের আধুনিক কৃষি প্রযুক্তি,পুষ্টি উন্নয়ন,নিরাপদ খাদ্য উৎপাদন ও পরিবেশবান্ধব চাষাবাদ সম্পর্কে হাতে-কলমে ধারণা দিতেই পার্টনার ফিল্ড স্কুলের আয়োজন করা হচ্ছে। কৃষকরা যেন নিজেদের অভিজ্ঞতার সঙ্গে নতুন প্রযুক্তির সমন্বয় ঘটিয়ে কম খরচে বেশি উৎপাদন করতে পারেন,সেই লক্ষ্যেই এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। পাশাপাশি কৃষির মাধ্যমে উদ্যোক্তা তৈরি ও পারিবারিক পুষ্টি নিশ্চিত করার বিষয়েও গুরুত্ব দেওয়া হচ্ছে।

কৃষির উন্নয়নে শুধু উর্বর মাটি, উন্নত বীজ কিংবা পর্যাপ্ত সেচই যথেষ্ট নয়, প্রয়োজন জ্ঞান ও দক্ষতা। তাই মাঠের এই পাঠশালায় কৃষাণ-কৃষাণীদের নতুন করে শেখার সুযোগ তৈরি হচ্ছে। অভিজ্ঞতার সঙ্গে আধুনিক জ্ঞানের মেলবন্ধনে বদলে যাচ্ছে চাষাবাদের ধরন, তৈরি হচ্ছে পুষ্টি ও সমৃদ্ধির নতুন সম্ভাবনা।

মানিক পশারীর দাফনে বাধা দেওয়ার প্রতিবাদে হরিণাকুণ্ডুতে মানববন্ধন

পিরোজপুর জেলার প্রয়াত বীর মুক্তিযোদ্ধা মানিক পশারীর নামাজে জানাজা ও দাফনকাজে বাধা প্রদানকারী এবং জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) বেলা ১১টায় উপজেলা দোয়েল চত্তরে

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, হরিণাকুণ্ডু উপজেলা কমান্ডের আয়োজনে এই কর্মসূচি পালিত হয়।

উপজেলা কমান্ডার আব্দুল ওয়াহেদ জোয়াদ্দারের সভাপতিত্বে ও উপজেলা স্বেচ্ছাসেবকদলের সভাপতি মোঃ শফিকুল ইসলাম স্বপনের সঞ্চালনায় মানববন্ধনে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির যুগ্ম-সম্পাদক হারুন অর রশিদ,উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের ডেপুটি কমান্ডার মোশারফ হোসেন, সাবেক জেলা ডেপুটি কমান্ডার রেজাউল ইসলাম, সাবেক উপজেলা কমান্ডার মহিউদ্দীন মাস্টার, সাবেক চেয়ারম্যান ও বিশিষ্ট মুক্তিযোদ্ধা সিদ্দিকুর রহমান, আবুল হোসেনসহ অন্যান্যরা।

মানববন্ধনে অংশগ্রহণকারী, বীর মুক্তিযোদ্ধা ও স্থানীয় জনতা বিভিন্ন ফেস্টুন ও ব্যানার হাতে নিয়ে প্রতিবাদ জানান। এ সময় বক্তারা বলেন, ‘দেশ স্বাধীনতায় অংশগ্রহনকারী একজন বীর মুক্তিযোদ্ধার জানাজা ও দাফনকাজে বাধা দেওয়ার ঘটনা অত্যন্ত ন্যক্কারজনক, লজ্জাজনক এবং দেশের স্বাধীনতার চেতনায় চরম আঘাত।

মুক্তিযোদ্ধাদের যথাযথ সম্মান ও রাষ্ট্রীয় মর্যাদা রক্ষা করা সবার নৈতিক দায়িত্ব। যারা এ ধরনের অপকর্মের সঙ্গে জড়িত, তাদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি।’

বক্তারা অবিলম্বে দেশব্যাপী মুক্তিযোদ্ধাদের সুরক্ষা ও রাষ্ট্রীয় সম্মান নিশ্চিত করার জোরালো দাবি জানান।

উল্লেখ, গত ২৪ অক্টোবর মারা যান পিরোজপুর সদর উপজেলার ৫ নম্বর শংকরপাশা ইউনিয়নের চিতলিয়া গ্রামের বাসিন্দা বীর মুক্তিযোদ্ধা মানিক পশারী ।

অভিযোগ রয়েছে, তার দাফনকাজে বাধা দেওয়া হয় এবং তাকে রাষ্ট্রীয় মর্যাদাবিহীন নিজ বাড়ির পারিবারিক কবরস্থানে দাফন করা হয়। এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে সারা দেশের ন্যায় হরিণাকুণ্ডুতেও এই মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

শৈলকুপা শাহী মসজিদের ৩০ লাখ টাকা গায়েব; মোতাওয়াল্লির বিরুদ্ধে আত্মসাতের অভিযোগ

ঝিনাইদহের শৈলকুপার ঐতিহ্যবাহী শাহী মসজিদের দান-অনুদানের লাখ লাখ টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে মসজিদের মোতাওয়াল্লি মীর শামসুজ্জামান পান্নার বিরুদ্ধে। গত দুই বছরের বেশি সময়ে মসজিদে বিভিন্ন খাত থেকে ৬১ লাখ টাকা সংগ্রহ হলেও এর মধ্যে ৩০ লাখ টাকার বেশি অর্থের কোনো হিসাব পাওয়া যাচ্ছে না বলে অভিযোগ করেছেন স্থানীয়রা। এমনকি মসজিদের ইমামের কাছ থেকেও মাসিক চাঁদা নেওয়ার অভিযোগ উঠেছে।

স্থানীয়দের অভিযোগ, বাদশা হোসেন শাহ ওয়াক্ফ স্টেটের অধীনে পরিচালিত শাহী মসজিদে প্রতিদিনই ধর্মপ্রাণ মুসল্লিরা দান-অনুদান দিয়ে থাকেন। এছাড়া বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের কাছ থেকেও অনুদান আসে। কিন্তু এসব অর্থের যথাযথ হিসাব সংরক্ষণ করা হয় না। নিয়ম অনুযায়ী প্রতি মাসে সভা করার কথা থাকলেও দীর্ঘদিন ধরে তা করা হচ্ছে না। কমিটির সদস্যদেরও জানানো হয় না মসজিদের আয়-ব্যয়ের হিসাব।

অভিযোগ রয়েছে, ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকে মসজিদের মোতাওয়াল্লির দায়িত্ব পান মীর শামসুজ্জামান পান্না। এরপর থেকে গত দুই বছরের বেশি সময়ে দান-অনুদানসহ বিভিন্ন খাত থেকে মোট ৬১ লাখ টাকা সংগ্রহ হয়। এর মধ্যে অর্ধেক অর্থ মসজিদের খাদেমের বেতনসহ আনুষঙ্গিক খরচে ব্যয় করা হয়েছে। বাকি অর্ধেক টাকা মোতাওয়াল্লির কাছে জমা দেওয়া হয় বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। তবে জমা হওয়া ওই অর্থের সুনির্দিষ্ট হিসাব নিয়ে দেখা দিয়েছে প্রশ্ন।

স্থানীয় মুসল্লী স্কুল শিক্ষক জাহিদ হোসেন বলেন, মসজিদের প্রতিদিনের আয়ের অর্ধেক টাকা মোতওয়াল্লির কাছে জমা হয়। সেই টাকা ব্যাংকে রাখার কথা কিন্তু মোতওয়াল্লী কোন ব্যাংকে রাখেন নি। এমনকি সেই টাকার কোন হিসাবও তিনি দেন নি। সম্প্রতি মসজিদের সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে সেখানেও তিনি একটি টাকা দেননি। গাছ বিক্রি ও স্থানীয় মানুষের কাছ থেকে টাকা নিয়ে প্রাচীর

নির্মাণ করা হচ্ছে।

আরেক সদস্য হোসেন আলী বলেন, দুই বছর ধরে মসজিদে কোন মিটিং করা হয় না। টাকা পয়সা কোথায় কিভাবে যায় তারও কোন হিসাব নেই।

নাম প্রকাশে অনিচ্ছুক এক মুসল্লী বলেন, ২ বছরের বেশি সময় ধরে ৩১ লাখ ৪৫ হাজার টাকা মোতওয়াল্লীর কাছে জমা দেওয়া হয়েছে। সেই টাকা পুরোটা আত্মসাৎ করেছে মোতওয়াল্লী।

শৈলকুপা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শিহাব মল্লিক বলেন, মসজিদের টাকা নয়-ছয় করা মোটেও কাম্য নয়। গত দুই বছরে সংগ্রহ করা অর্থ কোথায় কিভাবে খরচ হলো তা তদন্ত করার দাবী জানাচ্ছি।

অভিযোগের বিষয়ে মোতওয়াল্লী মীর শামসুজ্জামান পান্না বলেন, এত টাকা কই। ২ বা ৩ লাখ টাকা থাকতে পারে। আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করা হচ্ছে। সব মিথ্যা কথা।

এ বিষয়ে শৈলকুপা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ মাহফুজুর রহমান বলেন, মসজিদের অনিয়মের অভিযোগ তদন্ত করে দেখা হবে। অভিযোগের সত্যতা পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

কোটচাঁদপুর নিম্নমানের নির্মান সামগ্রী ব্যবহার ও ঘাসের উপর ইট বিছিয়ে ফ্লাট সলিং

নিম্নমানের নির্মান সামগ্রী ব্যবহার ও ঘাসের উপর ইট বিছিয়ে ফ্লাট সলিং করার অভিযোগে কাজ বন্ধ করে দিয়েছেন কোটচাঁদপুরের জগন্নাথপুর গ্রামবাসী। গত সোমবার সকালে ওই কাজ বন্ধ করে দেন তারা।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,কোটচাঁদপুর উপজেলার জগন্নাথপুর

গ্রামের প্রথম পাড়া থেকে মাঠের রাস্তার ৩৫৪ ফুট ফ্লাট সলিংয়ের কাজের বরাদ্দ দেন জেলা পরিষদ। কাজটি করছেন রেজাউল ইসলাম নামের এক ঠিকাদার। গেল সোমবার (০২-১১-২৬) তারিখ সকালে ওই কাজটি শুরু করেন ঠিকাদারি প্রতিষ্ঠানটি। তবে ওইদিনই রাস্তায় নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহার ও বেডে দূর্বা ঘাস রেখে, তাঁর উপর ইট বিছিয়ে নির্মান করার অভিযোগে কাজ বন্ধ করে দেন জগন্নাথপুর গ্রামবাসী। কাজটি বন্ধ আছে আজও।

এ ব্যাপারে ওই গ্রামের আব্দুস সালাম বলেন, সোমবার দিন সকালে মাঠে যাচ্ছিলাম। হঠাৎ দেখি ওই রাস্তায় কাজ চলছে। এরপর দেখলাম তারা রাস্তার উপর দূর্বা ঘাস না সরিয়ে, তাঁর উপর সামান্য বালু ছিটিয়ে রাস্তার কাজ করে যাচ্ছেন। পরে বিষয়টি জানাজানি হয়ে পড়লে আস্তে আস্তে গ্রামবাসী জড়ো হতে থাকে ওই রাস্তায়। পরে তাদেরকে বলে কাজ বন্ধ করে দেয়া হয়।

ঠিকাদার রেজাউল ইসলাম বলেন,এটা আমার ফার্মের কাজ। কাজ দেখা শোনা করেন আমার ম্যানেজার। আমি ম্যানেজারকে যোগাযোগ করে তথ্য দিতে বলছি আপনাদের।

জেলা পরিষদের অফিস সহায়ক আনোয়ার হোসেন বলেন,আমাদের জেলায় একজন প্রকৌশলী। তিনি পুরো জেলা দেখতে পারেন না সব সময়। এ জন্য কাজটি আমিই দেখছিলাম। ওই কাজটি ২ লাখ টাকা ব্যয়ে ৩৫৪ ফুট রাস্তা নির্মিত হবে। ৮ ফুট প্রশস্থ্য ফ্লাট সলিংয়ের রাস্তায় নিচে বালু ধরা আছে ১ ইঞ্চি আর উপরে ধরা আছে ১ ইঞ্চি।

তিনি বলেন,আমি কাজ করার জন্য ওই রাস্তাটি দেখিয়ে দিয়ে এসে ছিলাম। তবে কাজ যে খারাপ হচ্ছে সেটা আমার জানা নাই। ওনি খোঁজ নিবেন বলে জানিয়েছেন।

ঝিনাইদহ জেলা পরিষদের প্রকৌশলী রফিকুল ইসলাম বলেন,ফাইল না দেখে তো বলা সম্ভব হচ্ছে না। তবে যে ভাবে কাজ করছে বলে আপনারা জানালেন,সেটা যদি সত্য হয়, তাহলে তো ঠিকাদার কাজ করতে পারবেন না। আমি এখনই লোক পাঠাচ্ছি সাইডে। ওনারা এসে রিপোর্ট দিলে, সেই অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

এটা কোন প্রকল্পের কাজ জানতে চাইলে তিনি বলেন, আমাদের ওই ভাবে তেমন প্রকল্প হয় না। বিশেষ ভাবে প্রকল্প হয়ে কাজ হয়। জেলা পরিষদের কাজ হলে,আপনারা জেলা পরিষদের কাজের কথায় বলবেন।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীম হোসাইন বলেন,যেহেতু আমার উপজেলার কাজ,সেহেতু ভাল মন্দ দেখার বিষয় আছে। তবে ওই রাস্তায় যে কাজ হচ্ছে, সে বিষয়ে আমাকে কেউ জানায় নাই। তবে জেলা পরিষদে খোঁজ নিয়ে দেখবেন বলে জানিয়েছেন তিনি।

ঝিনাইদহে স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস উদযাপন

ঝিনাইদহে জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস উদযাপন করা হয়েছে। সিভিল সার্জন অফিস ও সদর হাসপাতালের আয়োজনে সোমবার সকালে হাসপাতাল চত্বরে রক্তদান কর্মসূচীর উদ্বোধন করা হয়।

হাসপাতালে কর্মকর্তা-কর্মচারী, ম্যাটস শিক্ষার্থীরা স্বেচ্ছায় রক্তদান করেন। পরে হাসপাতালের সম্মেলন কক্ষে হয় আলোচনা সভা।

সিভিল সার্জন ডা: কামরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক নোমান হোসেন। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাছান, সদর হাসপাতালের তত্বাবধায় ডা: মোস্তাফিজুর রহমান, সিভিল সাজর্ন অফিসের সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার আব্দুর রহমান।

আলোচনা সভায় বক্তারা বলেন, রক্তদান একটি মহৎ মানবিক কাজ। একজন মানুষের স্বেচ্ছায় রক্তদান অন্য একজনের জীবন বাঁচাতে পারে। পাশাপাশি মরণোত্তর চক্ষুদানের মাধ্যমে মৃত্যুর পরও অন্যের পৃথিবী দেখার সুযোগ তৈরি করা সম্ভব।

এ বিষয়ে জনসচেতনতা বাড়াতে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান তারা।

ঝিনাইদহে বাল্যবিবাহ প্রতিরোধে ‘তারুণ্যের কণ্ঠ’

বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতা সৃষ্টি ও তরুণ প্রজন্মকে সম্পৃক্ত করার লক্ষ্যে ঝিনাইদহে অনুষ্ঠিত হয়েছে সচেতনতামূলক প্রামাণ্য অনুষ্ঠান ‘তারুণ্যের কণ্ঠ’।

বাংলাদেশ বেতারের জনসংখ্যা স্বাস্থ্য ও পুষ্টি সেলে’র আয়োজনে কাঞ্চননগর মডেল স্কুল অ্যান্ড কলেজে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাংলাদেশ বেতারের উপস্থাপক সজীব দত্তের উপস্থাপনায় জেলা পরিষদের প্রশাসক এ্যাড. এম এ মজিদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাছান।

এছাড়া উপস্থিত ছিলেন পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক মোহা. মোজাম্মেল করিম, মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিক্যাল অফিসার (ক্লিনিক) ডা. মাহবুবা আখতার তাবীয়া, কাঞ্চননগর মডেল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ প্রদীপ কুমার বিশ্বাসসহ সাংবাদিক, শিক্ষক ও শিক্ষার্থীরা।

অনুষ্ঠানে শিক্ষার্থী ও অতিথিরা বাল্যবিবাহের ক্ষতিকর দিক, এর সামাজিক প্রভাব এবং প্রতিরোধে করণীয় বিষয়ে আলোচনা করেন। পাশাপাশি বাল্যবিবাহ প্রতিরোধে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান।

ঝিনাইদহে পানিতে ডুবে শিশুর

মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার গান্না ইউনিয়নের বেতাই গ্রামে পুকুরের পানিতে ডুবে আরশ নামের আড়াই বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। সোমবার সকালে এ ঘটনা ঘটে। শিশু আরশ ওই গ্রামের আশিকুর রহমানের ছেলে।

স্থানীয়রা জানায়, শিশু আরশ সকালে তার দাদার সাথে বাড়ির পাশের মাঠে যায়। মাঠ থেকে তার দাদা বাড়িতে যেতে বললে একাই বাড়ির দিকে রওনা হয়। পথে বাড়ির পাশের পুকুরে পড়ে যায়। শিশুটিকে দেখতে না পেয়ে পরিবারের লোকজন তাকে খোজাখুঁজি শুরু করে।

এক পর্যায়ে পানিতে ভাসতে দেখে তাকে উদ্ধার করে সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষনা করে।

ঝিনাইদহ সদর থানার ওসি আসাদউজ্জামান বলেন, পানিতে ডুবে শিশুটি মারা গেছে। পরিবারের পক্ষ থেকে অভিযোগ না থাকায় মরদেহ তাদের বুঝিয়ে দেওয়া হয়েছে।